

মেডিকেল ভর্তি পরীক্ষা প্রসঙ্গে

গত ১৭ জানুয়ারী মেডিকেল কলেজসমূহের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়ে গেল। এই পরীক্ষায় প্রথমবারের মত পরীক্ষার্থীকে বিগত এসএসসি ও এইচএসসি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের উত্তরপত্রে লিখতে (বৃত্ত ডরাট করতে) বলা হয়। কোন পূর্ব ঘোষণা ছিল না বলে কোন পরীক্ষার্থীই নিজের মার্কশীট হলে নিয়ে যায়নি। মার্কশীট না দেখে মুখস্থ লেখা নম্বরের ওপর সই করা ইনভিজিলেটর মহোদয়ের পক্ষে সম্ভব নয়। সত্যায়িত মার্কশীট কর্তৃপক্ষের কাছে দেয়া আছে বিধায়, ঢাকা কেন্দ্রের বদরুন্নেসা কলেজের ১৮ নম্বর কক্ষের পরীক্ষার দায়িত্বপ্রাপ্ত ইনভিজিলেটরসহ কোন কোন ইনভিজিলেটর পরীক্ষার্থীকে উত্তরপত্রে এসএসসি ও এইচএসসি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের বৃত্ত পূরণ করতে নিষেধ করেন। (তাদের ভাষায় বৃত্তগুলি অফিস পূরণ করার জন্য, পরীক্ষার্থীদের জন্য নয়)। এ ভাবে অনেক পরীক্ষার্থীর উত্তরপত্রে এসএসসি ও এইচএসসি, পরীক্ষায় প্রাপ্ত নম্বরের বৃত্ত খালি থাকে।

মেডিকেল কলেজ পরীক্ষায় এসএসসি ও এইচএসসির কোর মার্ক ১০০। উত্তরপত্রে ঐ নম্বরের জন্য নির্দিষ্ট বৃত্তের সাথে কোরের সংশ্লিষ্ট খাকার যদিও কথা নয়, তথাপি সবগুলি উত্তরপত্রে কোর মার্ক লেখা হয়নি বিধায় সমস্যাটির প্রতি মেডিকেল ভর্তি পরীক্ষা বোর্ডের সদয় দৃষ্টি আকর্ষণ করছি। কোনো যোগ্য প্রার্থী যেন ইনভিজিলেটর মহোদয়ের নিষেধের কারণে কোর মার্ক উত্তর-পত্রে মুখস্থ লেখেনি বলে সরাসরি ঐ মার্ক থেকে বঞ্চিত হয়ে প্রতিযোগিতা থেকে বাদ না যায়।

একজন পিতা হিসাবে আমি পুনরায় যথায়প কর্তৃপক্ষের সদয় দৃষ্টি আকর্ষণ করছি, কোন যোগ্য পরীক্ষার্থী যেন কোন সিদ্ধান্তের আকস্মিকতার কারণে তার প্রাপ্য উচ্চশিক্ষার সুযোগ থেকে বঞ্চিত না হয়।

প্রকৌশলী বলিচুর রহমান,
১৯১/বি, পূর্ব মালিবাগ,
ঢাকা ১২১৭।